# দুর্নীতি দমন কমিশন
# প্রধান কার্যালয়
# ঢাকা

নং-দুদক/৩০-২০০৮(গ)/সংস্থাপন/ তারিখঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

দুর্নীতি দমন কমিশনের নিম্নলিখিত শূন্য পদসমূহ পূরণের জন্য বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ পদের পার্শ্বে উল্লিখিত বেতনক্রমে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম ও বেতনক্রম | শূন্য পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | সহকারী পরিচালক<br>বেতনক্রমঃ ৬,৮০০-১৩,০৯০/- | ৪০ | ৩০-১১-২০০৮ তারিখে অনুর্ধ্ব ৩০ বৎসর | ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা ২য় শ্রেণীর ৪ (চার) বৎসরের অনার্স ডিগ্রি |
| ২. | উপ-সহকারী পরিচালক<br>বেতনক্রমঃ ৫,১০০-১০,৩৬০/- | ৩২ | ৩০-১১-২০০৮ তারিখে অনুর্ধ্ব ৩০ বৎসর | ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা ২য় শ্রেণীর ৪ (চার) বৎসরের অনার্স ডিগ্রি |

১. সাদা কাগজে (A4 সাইজ কাগজে) আবেদন করতে হবে ।

২. শুধুমাত্র জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক অথবা আইন অনুযায়ী বাংলাদেশের স্থায়ী নাগরিকগণ আবেদনের যোগ্য ।

৩. আবেদনপত্রে নিম্নলিখিত তথ্যাদি উল্লেখ করতে হবে (ছক সংযুক্ত):

(১) প্রার্থীর নাম :

(২) পিতা/স্বামীর নাম :

(৩) মাতার নাম :

(৪) স্থায়ী ঠিকানা :

(৫) বর্তমান ঠিকানা :

(৬) নিজ জেলা :

(৭) জন্ম তারিখ :

(৮) বয়স (৩০/১১/২০০৮ তারিখে) :

(৯) জাতীয়তা :

(১০) ধর্ম :

(১১) শিক্ষাগত যোগ্যতা :

| ক্রমিক নং | সার্টিফিকেট/ডিগ্রি | পাশের বৎসর | বোর্ড/বিশ্ববিদ্যালয় | বিভাগ/শ্রেণী/ গ্রেড পয়েন্ট | শাখা |
|---|---|---|---|---|---|
| ক. | এস এস সি | | | | |
| খ. | এইচ এস সি | | | | |
| গ. | স্নাতক | | | | |
| ঘ. | স্নাতোকোত্তর | | | | |
| ঙ. | অন্যান্য | | | | |

(১২) প্রশিক্ষণ (যদি থাকে) :

(১৩) অভিজ্ঞতা (যদি থাকে) :

(১৪) কম্পিউটার জ্ঞান/ব্যবহার পারদর্শিতা সংক্রান্ত তথ্যাদি (বিশদ তথ্য লিপিবদ্ধ করতে হবে):

(১৫) প্রত্যয়ন : উপরে উল্লিখিত তথ্যাদি আমার জানা ও বিশ্বাসমতে সম্পূর্ণ নির্ভুল ও সঠিক। অধিকন্তু আমার নামে কোন দুর্নীতির অভিযোগ বা মামলায় কোন ফৌজদারী অপরাধের কোন কার্যক্রম চালু নেই।

৪. সকল আবেদনকারীকে কম্পিউটার বিষয়ে (বাংলা ও ইংরেজী) দক্ষ হতে হবে।

৫. প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রচলিত বিধি মোতাবেক সকল ধরনের কোটা নীতি অনুসরণ করা হবে।

৬. মহিলা, উপজাতি, মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধা না পাওয়ার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র ও কন্যা প্রার্থীদের জন্য কোটা সংরক্ষণ সংক্রান্ত বর্তমান সরকারী নির্দেশ অনুসরণ করা হবে।

৭. প্রার্থীগণের বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়। মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়স ০২ বৎসর এবং দুর্নীতি দমন কমিশনে কর্মরত বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৫ (পাঁচ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।

৮. অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ এবং সংশিষ্ট কাগজপত্রসমূহ নামছাড়া সিল দিয়ে অথবা সীলছাড়া সত্যায়িত হলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯. সরকারী, আধা-সরকারী এবং স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১০. আবেদনপত্র প্রেরণের খামের উপর ডান পার্শ্বে পদের নাম, বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম ও ঠিকানা উল্লেখপূর্বক ৪/- (চার) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকিটযুক্ত ৯.৫×৪.৫ ইঞ্চি বিশিষ্ট একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

১১. কেহ প্রকৃত তথ্য গোপন করে চাকুরী গ্রহণ করলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. বিজ্ঞাপিত শূন্য পদের হ্রাস-বৃদ্ধি বা বাতিল/প্রত্যাহারের অধিকার কমিশন সংরক্ষণ করেন।

১৩. **প্রার্থীকে আবেদনপত্রের সাথে যে সকল কাগজপত্রসমূহ জমা দিতে হবে তা নিম্নরূপঃ**

ক) **বয়স প্রমাণের জন্যঃ** এস.এস.সি/সমতুল্য পরীক্ষার মূল সার্টিফিকেট-এর সত্যায়িত ফটোকপি। সাময়িক সার্টিফিকেট বা এডমিট কার্ড বা টেস্টিমোনিয়াল এ ক্ষেত্রে গ্রহণযোগ্য হবে না।

খ) **শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্যঃ** বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে অর্জিত সকল ডিগ্রির মূল সার্টিফিকেট-এর সত্যায়িত ফটোকপি। মূল সার্টিফিকেট (এস.এস.সি ব্যতীত) প্রদানে অপারগ হলে সাময়িক সার্টিফিকেট গৃহীত হবে।

গ) **জাতীয়তা/নাগরিকত্ব প্রমাণের জন্যঃ** ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কমিশনার/মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

ঘ) **উপজাতীয়দের ক্ষেত্রেঃ** সংশিষ্ট জেলা প্রশাসকের নিকট থেকে প্রাপ্ত সার্টিফিকেট-এর সত্যায়িত ফটোকপি।

ঙ) **অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রেঃ** যথাযথ প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতার সনদ।

চ) **চারিত্রিক সনদপত্র ঃ** প্রথম শ্রেণীর গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

১৪. আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙ্গিন সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

১৫. প্রার্থীকে আবেদনপত্রের সাথে সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা-এর অনুকূলে সোনালী ব্যাংকের ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট্/পে-অর্ডার (অফেরতযোগ্য) দাখিল করতে হবে। নির্ধারিত ব্যাংকের ব্যাংক ড্রাফট্/পে-অর্ডার আবেদনপত্রের সাথে দাখিল না করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৬. সকল আবেদনপত্র সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ১ সেগুনবাগিচা, ঢাকা বরাবরে প্রেরণ করতে হবে। আবেদনপত্র সরাসরি কমিশনের অভ্যর্থনা কক্ষে রক্ষিত বাক্সে ফেলা যাবে অথবা ডাকযোগে প্রেরণ করা যাবে। হাতে হাতে এবং কুরিয়ার সার্ভিসে কোন আবেদনপত্র গৃহীত হবে না এবং কোন প্রাপ্তিস্বীকার পত্র দেয়া হবে না। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১৭. বিজ্ঞাপনে উলিখিত পদে সরকারী/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত/স্থানীয় সরকার সংস্থায় চাকুরীতে নিযুক্ত ব্যক্তি এবং স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকুরীরত ব্যক্তিদের ব্যাংক ড্রাফট্ এবং প্রয়োজনীয় সার্টিফিকেটসহ তাদের আবেদনপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত আবেদনপত্র গ্রহণের সর্বশেষ তারিখ বা তৎপূর্বে কমিশন সচিবালয়ে পৌঁছাতে হবে। মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার ছাড়পত্রটি সাক্ষাৎকারের সময় দাখিল করতে হবে। অন্যথায় সাক্ষাতকার গ্রহণ করা হবে না।

১৮. মুক্তিযোদ্ধার সন্তান, মহিলা, এতিম, প্রতিবন্ধী এবং উপজাতি প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেটসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

১৯. ব্যবহারিক/বাছাই পরীক্ষা/লিখিত পরীক্ষা/সাক্ষাতকারের জন্য কোন রকম ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

২০. সম্পূর্ণরূপে যোগ্যতা ও মেধার ভিত্তিতে স্বচ্ছতার মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে। যেকোন প্রকার তদবীর বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। এমনকি কোন দরখাস্তে কোনরূপ সুপারিশ উল্লেখ থাকলে উক্ত দরখাস্তও বাতিল বলে গণ্য হবে।

২১. **নির্বাচন পদ্ধতিঃ-**

(ক) **বাছাই পরীক্ষাঃ** প্রাপ্ত দরখাস্ত বাছাইয়ের পর যোগ্য প্রার্থীদেরকে প্রাথমিক বাছাই পরীক্ষার জন্য ডাকা হবে। প্রাথমিক বাছাইয়ে যে সকল প্রার্থী যোগ্য বলে বিবেচিত হবে তাদেরকে লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে।

(খ) **লিখিত পরীক্ষাঃ** নিম্নলিখিত ০৩টি বিষয়ের উপর মোট ৩০০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে:

| ক্রমিক নং | পরীক্ষার বিষয় | নৈব্যক্তিক/রচনামূলক | মান বন্টন |
|---|---|---|---|
| ০১। | বাংলাদেশ ও আর্ন্তজাতিক বিষয়াবলী<br>(বাংলা ও ইংরেজী) | ক) রচনামূলক<br>খ) নৈব্যক্তিক | ৩০+৩০=৬০<br>২০+২০=৪০<br>মোট ঃ ১০০ |
| ০২। | চলতি ঘটনাবলী ও সাধারণ জ্ঞান | ক) রচনামূলক<br>খ) নৈব্যক্তিক | ৫০<br>৫০<br>মোট ঃ ১০০ |
| ০৩। | কম্পিউটার (মাইক্রোসফ্‌ট ওয়ার্ড, এক্সেল, একসেস, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট, ব্রাউজিং ইত্যাদি) | ব্যবহারিক | ১০০ |

(১) প্রত্যেক বিষয়ের ১০০ নম্বরের পরীক্ষার জন্য দুই ঘন্টা সময় নির্ধারিত থাকবে।

(২) প্রত্যেক বিষয়ে পরীক্ষার পাশ নম্বর ৫০% হবে। প্রতিটি বিষয়ে পৃথকভাবে পাশ করতে হবে।

(৩) **লিখিত পরীক্ষার স্থান ও সময়ঃ** দরখাস্ত বাছাইয়ের পরে যোগ্য প্রার্থীদেরকে যথাসময়ে জাতীয় দৈনিক পত্রিকা/রেজিস্টার্ড ডাকের মাধ্যমে প্রাথমিক বাছাই পরীক্ষা এবং লিখিত পরীক্ষার সময়সূচী সম্পর্কে বিস্তারিত জানানো হবে।

(গ) **মৌখিক পরীক্ষাঃ** লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের প্রার্থী বাছাইয়ের জন্য গঠিত নির্বাচনী বোর্ড কর্তৃক মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সার্টিফিকেটের মূল কপি দেখাতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

২২. নিয়োগের ক্ষেত্রে কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য করা হবে।

**দরখাস্ত গ্রহণের সর্বশেষ তারিখ: ২৮/১২/২০০৮ খ্রিঃ**

**(কর্ণেল হানিফ ইকবাল)**
**সচিব (ভারপ্রাপ্ত)**
**দুর্নীতি দমন কমিশন**
**প্রধান কার্যালয়, ঢাকা**